যে ব্যক্তি কোনো কিছু ঝুলালো তাকে তার দিকে সপর্দ করা হবে।

আব্দুল্লাহ ইবন উকাইম রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি কোনো কিছু ঝুলালো তাকে তার দিকে সপর্দ করা হবে।” [হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

যে ব্যক্তির অন্তর অথবা কর্ম বা উভয় দিয়ে এমন কোনো বস্তুর দিকে ঝুঁকে এবং তা থেকে উপকার লাভ বা ক্ষতি প্রতিহত করার আশা করে, আল্লাহ তা‘আলা তাকে ঐ জিনিসে সোপর্দ করেন যার প্রতি সে ঝুঁকল। আর যে ব্যক্তি আল্লাহর প্রতি ঝুঁকল আল্লাহই তার জন্য যথেষ্ট হবেন এবং তার জন্য সব কঠিন কাজ সহজ করে দেবেন। আর যে ব্যক্তি গাইরুল্লাহর সাথে সম্পৃক্ত হলো আল্লাহ তা‘আলা তাকে তার প্রতি সোপর্দ করবেন এবং অপমান অপদস্থ করবেন।

https://sunnah.global/hadeeth/bn/show/6763